# গণমাধ্যম বিষয়ে জাতীয় জনমত জরিপ

**পটভূমি:**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করা ও বস্তুনিষ্ঠ খবর প্রকাশের নিমিত্ত গণমাধ্যম সংস্কারের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুতের জন্য "গণমাধ্যম সংস্কার কমিশন" গঠন করেছে। উক্ত কমিশন 'গণমাধ্যম বিষয়ে জাতীয় জনমত জরিপ' পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ জরিপ পরিচালনার জন্য কমিশন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ জানিয়েছে। এ প্রেক্ষিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আগামী ০১ থেকে ০৭ জানুয়ারি ২০২৫ খ্রি. 'গণমাধ্যম বিষয়ে জাতীয় জনমত জরিপ' পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**জরিপের উদ্দেশ্য:**

- গণমাধ্যম সংস্কারের সুপারিশ তৈরির লক্ষ্যে সাধারণ নাগরিকদের মতামত গ্রহণের উদ্দেশ্যে জরিপ পরিচালনা করা;
- গণমাধ্যমকে স্বাধীন, শক্তিশালী ও বস্তুনিষ্ঠ করা যাতে তা নিরপেক্ষতার সঙ্গে অবাধ ও যথাযথ তথ্যপ্রবাহ ও সকল মতের প্রতিফলন ঘটাতে সক্ষম হয়, তার জন্য প্রয়োজনীয় আইন, বিধি ও নীতিমালা সংশোধন কিম্বা প্রণয়নের লক্ষ্যে জনমত সংগ্রহ ও মূল্যায়নে কমিশনকে সহায়তা করা এবং
- গণমাধ্যম সংস্কারের সুপারিশ তৈরীর লক্ষ্যে জরিপের ফলাফল হতে প্রাপ্ত জনমত সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক কমিশনকে প্রদান।

**জরিপের আওতা:**

জরিপ পরিচালনার জন্য দেশের ৬৪ জেলার প্রতিটি জেলা হতে ৩৬টি করে মোট ২৩০৪টি নমুনা এলাকা (PSU) দৈবচয়ন পদ্ধতিতে নির্বাচন করা হয়েছে এবং প্রতিটি নমুনা এলাকা (PSU) হতে নমুনায়নের মাধ্যমে নির্বাচিত ২০ টি সাধারণ খানা হতে তথ্য সংগ্রহ করা হবে। নির্বাচিত প্রতিটি সাধারণ খানা হতে ১০ বছর ও তদুর্ধ্ব বয়সী সকল সদস্যের (পুরুষ এবং মহিলা) মধ্য থেকে KISH GRID পদ্ধতিতে একজন উত্তরদাতা নির্বাচন করে তার নিকট হতে তথ্য সংগ্রহ করা হবে। সমগ্র বাংলাদেশে মোট ৪৬,০৮০ জন নাগরিকের নিকট হতে তথ্য সংগ্রহ করা হবে।

## ০১-০৭ জানুয়ারি ২০২৫ খ্রি.

**মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ পদ্ধতি:**

Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে
Face to Face Interview এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে

**প্রয়োজনে যোগাযোগ:**

| | | | |
|---|---|---|---|
| জনাব মো: আরিফুল ইসলাম<br>যুগ্মপরিচালক, ঢাকা বিভাগ<br>০১৭১২৬৪২৩২৬ | জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান<br>যুগ্মপরিচালক (অ.দা), চট্টগ্রাম বিভাগ<br>০১৯১১৫৮৩৪৭৫ | জনাব মোঃ আক্তার হোসেন<br>যুগ্মপরিচালক, খুলনা বিভাগ<br>০১৭১০১৯৮১৯৩ | জনাব মোঃ আব্দুল হালিম<br>যুগ্মপরিচালক, রাজশাহী বিভাগ<br>০১৭১৭২৫০৫৪৯ |
| জনাব মোঃ শহীদুল ইসলাম<br>যুগ্মপরিচালক, বরিশাল বিভাগ<br>০১৭৮৯৪২৩৪৮৩ | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>যুগ্মপরিচালক, রংপুর বিভাগ<br>০১৭১১১১০৬৫০ | জনাব মোঃ সাহাবুদ্দীন সরকার<br>যুগ্মপরিচালক (অ.দা), সিলেট বিভাগ<br>০১৭১১৭৩৬৯০৮ | জনাব মো: মাহমুদুজ্জামান<br>যুগ্মপরিচালক, ময়মনসিংহ বিভাগ<br>০১৭২০৪৩৩৪২৩ |

প্রচারে: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
ওয়েবসাইট: www.bbs.gov.bd, ই-মেইল: dg@bbs.gov.bd, ফোন: ০২-৫৫০০৭০৫৬